মেহেরপুরের পিরোজপুরে হয়ে গেল ডিজিটাল ম্যারাথন দৌড়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিজিটাল ম্যারাথন দৌড় মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার বিকাল তিনটার সময় বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধায়নে ম্যারাথন অনুষ্ঠান পিরোজপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে অনুষ্ঠিত হয়। ডিজিটাল ম্যারাথন এর উদ্বোধন করেন পিরোজপুর ইউপি চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউপি প্যানেল চেয়ারম্যান ওহিদুর রহমান, ইউপি সদস্য আরমান আলী, মুর্শিদকুলি মেগা, জয়নাল মিয়া, আরজান আলী, হিমাদুল, ইউনিয়ন পরিষদের সচিব এরশাদ আলী। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন পিরোজপুর ইউনিয়ন পরিষদের কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল।
এ সময় পিরোজপুর ইউনিয়ন পরিষদের ১৪৫ জন ম্যারাথন বঙ্গবন্ধু ডিজিটাল ম্যারাথন দৌড়ে অংশগ্রহণ করেন। ইউনিয়ন পরিষদ কার্যালয় এর সামনে থেকে দৌড় শুরু করে ৫ কিলোমিটার দৌড় শেষে পুনরায় ইউনিয়ন পরিষদ চত্বরে এসে শেষ হয়।
পরে সেখানে ১০ জনকে বিজয়ী ঘোষণা করা হয়। প্রথম হয়েছে গহরপুর গ্রামের জাবের আলী ছেলে ময়েন, দ্বিতীয় হয়েছে রাজনগর গ্রামের মিরাজুল ইসলামের ছেলে সাঈদ হোসেন, তৃতীয় গহরপুর গ্রামের রায়হানের ছেলে হাবিবুল্লাহ, চতুর্থ পিরোজপুর গ্রামের শাহিন মন্ডল এর ছেলে হাসিবুল, পঞ্চম পিরোজপুর পশ্চিম পাড়ার এনামুল ইসলামের ছেলে ওয়াইস করনী।
পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

মুজিবনগরে ভৈরব নদীতে নিষিদ্ধ গিটি জাল আটক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

মেহেরপুরের মুজিবনগরে ভৈরব নদীতে ১৫০০ বর্গ মিটার মাছ ধরার নতুন পদ্ধতি দোয়াড়ি আকৃতির চায়না গিটি জাল আটক করে মুজিবনগর উপজেলা মৎস অফিস।

আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার দারিয়াপুর দক্ষিণ পাড়া মসজিদের সামনে ভৈরব নদীতে পাতা অবস্থায় এ সমস্ত জাল আটক করা হয়।

মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, উপজেলা মৎস্য অফিসের লিফ জিয়াউর রহমান ও আনিছুর রহমানের তথ্যের ভিত্তিতে উপজেলা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি আহসান হাবিব সহ উপজেলা মৎস্য বিভাগ ভৈরব নদীতে অভিযান পরিচালনা করে এ সমস্ত নিষিদ্ধ জাল পানির নিচে পাতা অবস্থায় স্থানীয়দের সহযোগীতায় উদ্ধার করা হয় কিন্তু জালের মালিককে খুজে পাওয়া যায়নি উদ্ধার কৃত জালের মূল্য প্রায় ৪০ হাজার টাকা।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মৎস্য সংরক্ষন আইন ১৯৫০ এর ধারা অনুযায়ী নিষিদ্ধ উদ্ধার কৃত ১৫০০ বর্গমিটার জাল জন সম্মুখে পুড়িয়ে বিনিষ্ট করা হয়।

এ সময় ভ্রাম্যমাণ আদালতকে সহযোগীতা করেন মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই মোমিনুর রহমান ও সঙ্গীও ফোর্স।

গাংনীর সাহারবাটি স্বেচ্চায় রক্তদান সংগঠনের এক যুগে পদার্পণ

“মানুষ মানুষের জন্য,জীবন-জীবনের জন্য’। মনব সেবায় জীবন বিলিয়ে দিলে পাওয়া যায় সৃষ্টি কর্তার সান্নিধ্য। বিভিন্ন বয়সের মানুষের জীবন বাঁচাতে রক্তের প্রয়োজন এমন আবেদন প্রায়ই চোখে পড়ে। চোখে পড়ে একজন মূমূর্ষ রোগীকে বাঁচাতে এক ব্যাগ রক্তের প্রয়োজন। চাহিদা দিয়ে রোগীর স্বজনেরা ছুটে বেড়ায় অনেকের দ্বারেদ্বারে। অনেকেই রক্তের জোগাড় না পেয়ে মৃত্যুর কোলে ঢুলে পড়েন।

এমন মানবিক সেবার ব্রত নিয়ে গাংনী উপজেলার সাহারকবাটি গ্রামে কতিপয় যুবক “সাহারবাটি স্বেচ্ছায় রক্তদান সংগঠন” নামে একটি সংগঠন গঠন করেন।

স্বেচ্ছাসেবী এ সংগঠনটি সাহারবাটি গ্রামের যুবক রাকিবুল ইসলাম টুটুল এর নেতৃত্বে গড়ে ওঠে। নানা প্রতিকুলতা, বাধাঁ পেরিয়ে সম্প্রতি ১২ বছরে পদার্পণ করেছে। রক্তের জন্য এলাকার মানুষকে আর পেরেশান হতে হয়না। সম্পূর্ণ বিনা খরচে রক্ত পেয়ে থাকেন ভুক্তভোগীরা। প্রত্যন্তাঞ্চলে এমন একটি সংগঠন গঠন করায় এলকার অসংখ্য মানুষ উপকার পেয়ে প্রসংসা দিয়েছেন রক্তদানকারী যুবকদের।

সংগঠনের ১২ বছর পর্দাণে বিভিন্ন মহল থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে। হাতে গোনা কয়েকজন যুবক প্রথমে সংগঠনের সদস্য হয়ে রক্ত দান কার্যক্রমের মত গুরুত্বপুর্ণ দায়িত্ব পালন করলে তাদের দেখাদেখি এবং সংঠনের সভাপিত রাকিবুল ইসলামের আহব্বানে অনেক যুবক এখানকার সদস্য হয়েছেন। সদস্যরা নিজেকে মানব সেবায় নিয়োজিত রেখেছেন।

নাম প্রকাশ না করার শর্তে এলকার অনেক উপকারভোগীরা জানান, সাহারবাটি স্বেচ্ছায় রক্তদার সংগঠন মানুষেল কল্যাণে নিয়োজিত রয়েছে। এমনই ভাবে প্রতিটি এলাকার যুবকরা রক্তদানে উদ্বুদ্ধ হয়ে উঠুক। এক ব্যাগ রক্ত বাঁচাতে সাহায্য করবে একটি জীবন।

সংগঠনটির প্রতিষ্ঠাতা মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি রাকিবুল ইসলাম টুটুল সকল সদস্যকে নিয়ে সংগঠনটির বর্ষপুর্তী

অনুষ্ঠান উদযাপন।

অনুষ্ঠানে জানান, ২০০৯ সালে সংগঠনের যাত্রাশুরু। এ পর্যন্ত বিভিন্ন গ্রুপের প্রায় সাড়ে ৩ হাজার ব্যাগ রক্ত দিয়ে বিভিন্ন শ্রেনী পেশার মানুষকে সহযোগীতা করা হয়েছে। অনেক গরীব অসহায় পরিবার রয়েছেন যারা রক্ত নেবার জন্য ব্যাগ ক্রয়ের টাকা জোগাড় করতে পারেনি, নিশ্বার্থভাবে তাদের নিজ অর্থে ব্যাগ সরবরাহ করেছেন সংগঠনের সভাপতি।

রাকিবুল ইসলাম বলেন, ভালকাজ করলেও সংগঠনটি কতিপয় মানুষের রোষানলে পড়ে। সংগঠনের বিভিন্ন ছেলেদের নানাভাবে হয়রানী করা হয়। নানা প্রতিকুলতার মোকাবিলা করেও টিকে আছে সাংগঠনিক অবকাঠামো। টিকে আছে স্বেচ্ছায় রক্তদানের সকল কার্যক্রম। যারা মানবসেবাই নিয়োজিত রয়েছেন তাদের জন্য সকলের সহযোগীতা আর দোয়া কামনা করেন তিনি।

মেহেরপুরে সর্বশান্ত হচ্ছে অধিকাংশ বিদেশগামীরা!

আল-আমিন, এম এফ রুপক:
পরিবারের মুখে হাসি ফোটানোর জন্য শেষ সম্বল টুকুও হারাতে হচ্ছে বিদেশ নামক সোনার হরিন ধরতে। কারও কারও ভাগ্যের চাকা ঘুরলেও নিঃস্ব হচ্ছেন অনেকেই। মেহেরপুরে লাইসেন্স বিহিন কথিত আদম ব্যবসায়ীর খপ্পরে পড়ে সর্বশান্ত হচ্ছেন বিদেশগামীরা। সোনার হরিণ ধরতে গিয়ে প্রাণও হারাচ্ছেন কেউ কেউ। নিঃস্ব হয়ে পরিবারের সদস্যরা ভাসছে অথৈই সাগরে।

মেহেরপুরের প্রায় প্রতিটির গ্রামেই রয়েছে কমিশন ভিত্তিক দালাল। মোটা টাকার বিনিময়ে বিভিন্ন প্রলোভন দেখিয়ে সাধারণ মানুষদের বিদেশে নিয়ে যাওয়ার নাম করে হাতিয়ে নিচ্ছে লাখ লাখ টাকা। অবৈধ কোম্পানী, কর্মহীন ভুয়া কোম্পানীর ভিসা কিংবা যে কাজের কথা বলে বিদেশে পাঠানো হয় সে কাজ না দিয়ে অন্য কাজ দেওয়া ইত্যাদি নানা কারনে প্রতারিত হয়ে দেশে ফিরছেন অনেকেই আবার কেউ কেউ পালিয়ে গিয়ে

অবৈধ হয়ে যাচ্ছে প্রবাসে। অর্থ উপার্জনের আশায় শুধু পুরুষরা না মহিলারাও যাচ্ছেন বিদেশে। সেখানে নির্যাতিত হয়ে দেশে ফিরছেন অনেকেই।

আদম দালালের খপ্পরে পড়ে কপাল পুড়েছে কদভানু নামের এক গৃহবধুর। বাড়ি মেহেরপুর সদর উপজেলার ঝাঁঝাঁ গ্রামে। স্বামীর নাম আনারুল ইসলাম। আবার পরিবারের কথা ভেবে নির্যাতন সহ্য করে টিকে আছে অনেকেই। এদের মধ্যে রয়েছে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের হাসার আলীর স্ত্রী ঝর্না (ছদ্ব নাম)। রয়েছেন দুবাই।

বাংলাদেশ থেকে বিদেশে জনশক্তি পাঠানোর প্রক্রিয়াটা দালালনির্ভর। তবে তাদের দৌরাত্ম্য যে কতটা প্রকট, তা বেরিয়ে এসেছে এক গবেষণায়। এতে দেখা গেছে, ভিসা কেনাবেচা আর ধাপে ধাপে দালালদের কারণে ৩ থেকে ১২ লাখ টাকা পর্যন্ত খরচ করতে হচ্ছে বিদেশগামীদের। বিষয়গুলো দেখভাল করার কথা প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের। কিন্তু উল্টো সেখানেও ঘুষ-বাণিজ্যের অভিযোগ পেয়েছেন গবেষকেরা। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) পরিচালিত এই গবেষণায় বলা হয়েছে, বাংলাদেশ থেকে সিঙ্গাপুর এবং মধ্যপ্রাচ্যের ছয়টি দেশে যাওয়া বিদেশগামী পুরুষদের ৯০ শতাংশই দুর্নীতি ও অনিয়মের শিকার হচ্ছেন। আর ভিসা বা চাহিদাপত্র কিনতে শুধু ২০১৬ সালে ৫ হাজার ২৩৪ কোটি টাকা পাচার হয়েছে। মেহেরপুরে ২০১৮ সালের জুলাই মাস থেকে এ পর্যন্ত মধ্যপ্রাচ্যে গিয়েছে ৭ হাজার ৮শ ৯জন।

কেউ কেউ সুখে থাকলেও অনেকেই হারিয়েছেন শেষ সম্বল টুকু। ভুক্তভোগীরা দেশে ফিরে ন্যায় বিচারের আশায় বিভিন্ন দারে দারে ঘুরে বিচার না পেয়ে হতাশায় ভুগছে অনেকেই। আবার অভিযোগের ভিত্তিতে কেউ কেউ আটক হচ্ছেন পুলিশের হাতে। মেহেরপুর প্রতিদিনের বিশেষ অনুসন্ধানে উঠে এসেছে এইসব আদম দালালের নাম। মেহেরপুরের গাংনী থেকে লিবিয়ায় মানব পাচারকারী চক্রের সদস্য আব্দুস সামাদ আজাদকে (৩০) গ্রেপ্তার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সদস্যরা। উপজেলার ষোলটাকা ইউনিয়নের ভোলাডাঙ্গা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। রয়েছে সামাদ ধানখোলা ইউপির কসবা মোল্লাপাড়া এলাকার মৃত হাবিবুর রহমানের ছেলে এবং ভোলাডাঙ্গা হাফিজিয়া মাদ্রাসার শিক্ষক। তার নামে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানায় মানব পাচারের অভিযোগে মামলা রয়েছে। সম্প্রতি লিবিয়ায় মানব পাচারকারীদের কাছ থেকে অপহরণের পরে গুলিতে ২৬ জন বাংলাদেশি নিহত ও আহত হন ১১ জন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সামাদ ওই চক্রের সক্রিয় সদস্য বলে স্বীকার করেন।

গাংনীর রামনগর গ্রামের খাইরুল ইসলাম। একই উপজেলার হাড়াভাঙ্গা পূর্বপাড়ার সৌদি প্রবাসী শাহাবুদ্দিনের স্ত্রীর কাছে ধাপে ধাপে ৯ লাখ টাকা দিয়ে সৌদতে যায় খাইরুল ইসলাম। বছর না যেতে তাকে দেশে ফেরত আসতে হয়। টাকা ফেরত চাইতে বেকে বসে শাহাবুদ্দিনের স্ত্রী আসমা খাতুন। উপায় না পেয়ে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আমলী আদালতে মামলা দায়ের করেন খাইরুল।

মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের ফিরোজ। বিভিন্ন দেশে নিয়ে যাওয়ার নাম করে অনেকের কাছ থেকেই নিয়েছেন লাখ লাখ টাকা। তার বিরুদ্ধেও রয়েছে প্রতারণার মামলা। একই উপজেলার বাগোয়ান গ্রামের আনোয়ার কোন রকম লাইসেন্স ছাড়াই চালাচ্ছে বিদেশে লোক পাঠানোর কাজ। সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের আমিরুল ইসলাম, তার ভাই মোমিনুল ইসলাম, একই কায়দায় চালাচ্ছে আদম দালালী। কমিশনের ভিত্তিতে এলাকায় থেকে লোক পাঠানোর কাজ করেন তারা।

গাংনীর আযান গ্রামের নিয়াজুল ইসলাম। দালালী করতে গিয়ে এক বছর জেলও খেটেছেন। লাইসেন্স বিহীন আদম দালালের তালিকায় রয়েছেন তেরাইল গ্রামের জাহাঙ্গীর, বামুন্দীর কাসেম, কাজীপুর গ্রামের আসমত, চেঙ্গাড়ার আব্দুর রাজ্জাক এলাকার প্রভাবশালী আদম দালাল। আরেক আদম ব্যবসায়ী গাংনী উপজেলার খড়মপুর গ্রামের আহম্মদ আলী এ উপজেলার খড়মপুর গ্রামের সাদাত আলীর ছেলে আসান আলী, একই গ্রামের জাকিরুল, ওয়াসিম, কসবা গ্রামের জিয়াউর, সানঘাটের সাইফুল, পাকুড়িয়ার রুস্তম, আড়পাড়ার মিনারুল ও মেহেরপুর সদরের আমদহ গ্রামের লালনকে একই রকমের ফাঁদে ফেলে টাকা আদায়ের পর মালয়েশিয়া পাঠায়। তারা এখনও অবৈধভাবে মালয়েশিয়া অবস্থান করছে। চুরি করে এক স্থান থেকে আরেক স্থানে গিয়ে কাজ করতে হচ্ছে।

মেহেরপুরে যতারপুর গ্রামের মেহেদী হাসান ওরফে বিজন। ব্রুনাইয়ে মানব পাচার চক্রের প্রধান ব্যক্তি। মেহেদী ব্রুনাইয়ের এক নারীর সঙ্গে যৌথভাবে, কখনো এককভাবে একাধিক নামসর্বস্ব প্রতিষ্ঠান খুলে বাংলাদেশ থেকে প্রায় ১০ হাজার মানুষ পাচার করেন। সর্বশেষ ৪ শতাধিক ব্যক্তির কাছ থেকে ৩৩ কোটি টাকা নিয়ে মাত্র ৬০ জনকে ব্রুনাইয়ে নিয়ে যায় মেহেদী। কিন্তু তাঁদের কোনো কাজ দেওয়া হয়নি। ব্রুনাইয়ে রাস্তায় তাঁদের দিন কাটতে থাকে। পরে করোনা মহামারির সময় দেশে নিজ পরিবারের আর্থিক সহযোগিতায় গত জানুয়ারিতে দেশে ফিরে আসেন। দেশে ফিরে তাঁরা ব্রুনাইয়ে অবস্থানরত মেহেদী হাসানসহ তাঁর সহযোগীদের বিরুদ্ধে বিভিন্ন থানায় মানব পাচার ও প্রতারণার আইনে অন্তত ২০টি মামলা করেন। তাঁর কয়েকজন সহযোগী ধরা

পড়লেও পুলিশ বলছে, মেহেদী হাসান ও তাঁর অন্য সহযোগীরা দেশে গা ঢাকা দিয়ে আছেন।

গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামের ইয়াছিন আলীর ছেলে নাহিদ। নাহিদ বিভিন্নভাবে এলাকার সাধারণ মানুষকে ফুসলিয়ে ভুয়া ভিসায় সৌদিতে নিয়ে যায় বলে অভিযোগ উঠেছে। তার প্রতারণার শিকারে অনেকেই সর্ব শান্ত হয়েছে জানা গেছে। এই নাহিদরে মাধ্যমেই ভাগ্যের চাকা ঘোরাতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার ১৭ জন শ্রমিক সৌদিতে পাড়ি জমায়। প্রতারনার শিকার হয়ে অনাহারে অর্ধাহারে দিন পার করছিল তারা। এ নিয়ে মেহেরপুর প্রতিদিন এ সংবাদ প্রকাশ হওয়ার পর বাংলাদেশ এ্যাম্বাসির সহযোগীতায় দেশে ফেরে তারা। এ ছাড়াও দালালের খপ্পরে পড়ে ১০ লাখ টাকা দিয়ে অবৈধভাবে গ্রীসে যাওয়ার পথে লাশ হতে হয়েছে ইব্রাহিম নামের একজনকে। মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর গ্রামের নুরুল আমিন এর ছেলে ইব্রাহিম।

মেহেরপুর পুলিশ সুপার এস এম মুরাদ আলি জানান, প্রবাসে গিয়ে যারা প্রতারণার শিকার হচ্ছেন তাদের সহযোগীতার জন্য আলাদাভাবে খোলা হয়েছে প্রবাসী কল্যান হেল্প ডেস্ক। এ ধরনের অভিযোগ আসলে সমঝোতার মাধ্যমে সমাধানের চেষ্টা করা হয়। যদি সমাধান না হয় তাহলে আদালতের দারস্থ হওয়ার পরামর্শ দেওয়া হয়। তবে প্রবাসে যাওয়ার ক্ষেত্রে জনসাধারণকে আরও সতর্ক হওয়ার পরামর্শ দেন পুলিশ সুপার।

মেহেরপুরের বারাদীতে যথাযোগ্য মর্যাদায় অমর একুশে পালন

অমর একুশে। জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা আন্দোলনের ৬৯ বছর পূর্ণ হলো। অমর একুশের শহীদদের প্রতিশ্রদ্ধা। সব পথ এসে মিশে গেছে এক অভিন্ন গন্তব্য শহীদ মিনারে।

বসন্তে ফোটাফুলের স্তবক হাতে, নগ্ন পায়ে ধীরে ধীরে বেদির দিকে এসে ফুল অর্পণ করেন সবাই। কণ্ঠে সেই অমর গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি/ আমি কি ভুলিতে পারি, ভাষা শহীদদের

প্রতি নিবেদিত শ্রদ্ধার ফুলে ফুলে ঢেকে গেছে মোমিনপুর স্কুল মাঠের শহীদ মিনারের বেদি।

বাঙালি জাতির জীবনের এক অবিস্মরণীয় দিন। অমর একুশে ফেব্রুয়ারি স্মরণে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনসহ, বারাদী ইউনিট আওয়ালীগ, মোমিনপুর ডাইমন্ড ক্লাব, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর সরকারী প্রাথমিক,

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, বারাদী ইউনিট কৃষক লীগ, শিংহাটি পশ্চিম পাড়া প্রাথমিক বিদ্যালয়, পাটকেলপোতা প্রথমিক বিদ্যালয়, হাসানাবাদ প্রাথমিক বিদ্যালয়, জুগিন্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারাদী ইউনিট ছাত্রলীগ, বারাদী বিএডিসি, র্যালী নিয়ে ফুল প্রদান করেন এবং দিন ব্যাপী বিস্তারিত কর্মসূচি পালন করেছে।

বামন্দীতে যথাযোগ্য মর্যাদায় মাতৃভাষা দিবস পালিত

করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে গাংনী উপজেলার বামন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনিমিত ও কবিতা আবৃত্তির মধ্যে দিয়ে আর্ন্তজাতিক মার্তৃভাষা দিবস উৎযাপন করা হয়েছে।

গতকাল রবিবার সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বিদ্যালটির শ্রেণী কক্ষে আয়োজন করা হয় শিক্ষার্থীদের চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তির প্রতিযোগিতা। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুকবুল হোসেন, শিক্ষানুরাগী তরুণসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা বৃন্দ।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা

গতকাল রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

মেহেরপুর জেলা জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা শিল্পকলার সহযোগিতায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক ও পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান জেলা প্রশাসনের সকল কর্মকর্তারা।

মেহেরপুরে মাদ্রাসাতুল হাসনাইন কওমি মাদ্রাসা ও মসজিদের ভিত্তিপ্রস্তর এর উদ্বোধন

মেহেরপুর পৌর কলেজ-ঝাওবাড়িয়া রোড সংলগ্ন মাদ্রাসাতুল হাসনাইন কওমি মাদ্রাসা ও মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন এর উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার সকালে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভিত্তিপ্রস্তর স্থাপন কাজের উদ্বোধন করেন।

শাইখ উল হাদিস মাওলানা মোহাম্মদ ইব্রাহিম খলিল কাশেমীর সভাপতিত্বে ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হযরত মাওলানা আব্দুর রাজ্জাক নদভী, শাইখ উল হাদিস মাওলানা রুহুল আমিন।

মাওলানা মুফতি আব্দুল গফুরের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন, হযরত মাওলানা হামিদুল ইসলাম, হযরত মাওলানা মাজহারুল ইসলাম, হযরত মাওলানা মুফতি হাফিজুর রহমান, হযরত মাওলানা শফিকুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। এ সময় সেখানে দোয়া ও মোনাজাত করা হয়।

মুজিবনগরে মাতৃভাষা দিবস উপলক্ষে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধাঞ্জলী প্রদান

২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে মুজিবনগরে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেছেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ।

রবিবার ২১ এর প্রথম প্রহরে মুজিবনগর উপজেলা পরিষদ শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন ও সাধারন সম্পাদক আরিফ শাহ্’র নেতৃত্বে পুষ্পমাল্য অর্পনের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহব্বায়ক সাইদুর রহমান, রিপন আলী, আল মামুন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওমর ফারুক,

সাংগঠনিক সম্পাদক জহির আলী, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক আবু নাঈম ডালিম,স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়াসিমসহ ইউনিয়ন ও ওয়ার্ডের নেতাকর্মীরা।

গাংনীতে আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালন

মেহেরপুরের গাংনীতে বিনম্র শ্রদ্ধা, যথাযথ মর্যাদায় অমর একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে ভাষা শহীদদের স্মরণের মাধ্যমে ‘মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ পালিত হয়েছে। ভাষার জন্য জীবন উৎসর্গকারী শহীদদের স্মরণে শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন গাংনী উপজেলার সর্বস্তরের মানুষ।

একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহর ১২টা ১ মিনিটে গাংনী উপজেলা পরিষদ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন সরকারি-বেসরকারি, রাজনীতিকসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ।

প্রথম প্রহরে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আর্ন্তাাজিতক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালন করা হয়েছে। ১২ টা ১ মিনিটে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক উপজেলা পরিষদ শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন। পরে ভাষা শহীদদের শ্রদ্ধা জানাতে এক মিনিট নিরবতা পালন করা হয়।

উপজেলা আওয়ামীলীগের পক্ষে মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে একটি বিশাল র্যালী গাংনীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ।

এসময় জাতীয় পতাকা উত্তোলন ও আর্ন্তজাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে আলোচনসভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,ও উপজেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দসহ সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহামেদ,বামুন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম,মনিরুল ইসলাম

মাস্টার,নুরজাহান বেগমসহ ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

আলোচনার শুরুতে ভাষা শহীদদের প্রতিশ্রদ্ধা নিবেদনে এক মিনিটের নিরবতা পালনসহ তাদের আত্নার মাগফেরাত কামনায় দোয়া মোনাজত পরিচালনা করেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।